

সব বিশ্ববিদ্যালয়ে ফ্রি ওয়াই-ফাই সুবিধা নিশ্চিতের নির্দেশ

অনলাইন ডেস্ক



দেশের সব পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে ৬০ কর্মদিবসের মধ্যে ফ্রি ওয়াই-ফাই সুবিধা নিশ্চিত করতে নির্দেশনা দিয়েছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)।

এ উদ্যোগ বাস্তবায়নে সহযোগিতা প্রদান করবে বাংলাদেশ রিসার্চ অ্যান্ড এডুকেশন নেটওয়ার্ক (বিডিরেন)। পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসহ অন্যান্য শিক্ষা ও গবেষণা অবকাঠামোতেও এ সুবিধা সম্প্রসারণ করা হবে বলে সভায় জানানো হয়।

বুধবার (২৫ মার্চ) ইউজিসির জনসংযোগ ও প্রকাশনা বিভাগের পরিচালক (অতিরিক্ত

দায়িত্ব) মোহাম্মদ জামিনুর রহমানের পাঠানো
প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বর্তমান সরকারের নির্বাচনী
ইশতেহারে শিক্ষা খাতে ডিজিটাল সুবিধা
সম্প্রসারণ, শিক্ষার্থীদের শিক্ষা ও গবেষণায়
সহায়তা প্রদান এবং ডিজিটাল বৈষম্য হ্রাসে 'ফ্রি
ওয়াই-ফাই' চালুর যে অঙ্গীকার করা হয়েছে,
তারই অংশ হিসেবে ইউজিসি এ উদ্যোগ গ্রহণ
করেছে।

বিজ্ঞপ্তির তথ্য, ইউজিসি চেয়ারম্যান ড. মামুন
আহমেদের সভাপতিত্বে আজ (২৫ মার্চ)
ইউজিসি কার্যালয়ে অনুষ্ঠিত এক সভায় এ
সিদ্ধান্ত গৃহীত হয়।